# ডিস্ট্রিবিউশন সিস্টেম ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (DSIP)

প্রাক্কলিত ব্যয়ঃ ৩৪৭৫৭৭.২৫ লক্ষ টাকা
[প্রকল্প সাহায্যঃ ৩০৩২৯০.৯৪ লক্ষ টাকা
জিওবিঃ ১৪০৮৩.৭৫ লক্ষ টাকা
ওজোপাডিকোঃ ৩০২০২.৫৫ লক্ষ টাকা]

সম্ভাব্য বাস্তবায়নকালঃ জুলাই'২০২৫ - জুন'২০২৯
অর্থায়নের সম্ভাব্য উৎসঃ বিশ্বব্যাংক

**প্রকল্পের লক্ষ্যমাত্রা**

- বিতরণ লাইনঃ নির্মাণঃ ৩৮১০ কি.মি. এবং পুনর্বাসন-৪১২৯ কি.মি.
- বিতরণ ট্রান্সফর্মার স্থাপনঃ ৩৪৩২ টি
- ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ-৩ টি
- ক্যাপাসিটর ব্যাংক স্থাপন- ৬৭২ সেট

**প্রকল্পের উদ্দেশ্য**

- ✓ ২০৩৫ সাল পর্যন্ত চাহিদা পূরণের জন্য প্রয়োজনীয় বিতরণ অবকাঠামো উন্নয়ন।
- ✓ সিস্টেম লস হ্রাস।
- ✓ মানসম্মত বিদ্যুৎ সেবা প্রদান।

প্রকল্পের অগ্রগতি

## ডিস্ট্রিবিউশন সিস্টেম ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (DSIP)

QCBS পদ্ধতিতে পরামর্শক নিয়োগের মাধ্যমে প্রকল্পটির সম্ভাব্যতা যাচাই করা হয়। পরামর্শক প্রতিষ্ঠান Engineers Associates Ltd., 1/3 Asad Gate Road, Mohammadpur H/S, Dhaka-1207 এর মাধ্যমে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করা হয়। উক্ত পরামর্শক প্রতিষ্ঠানের সাথে গত ২৩ জানুয়ারি, ২০২২ খ্রি. তারিখে ওজোপাডিকো'র চুক্তি স্বাক্ষরিত হয়।

↓

গত ২৪ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখে প্রকল্পটির পিডিপিপি বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়।

↓

গত ১০ নভেম্বর, ২০২২ খ্রি. তারিখে বিদ্যুৎ বিভাগ হতে প্রকল্পটির পিডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।

↓

প্রকল্পটির পিডিপিপি পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক গত ১৩ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. তারিখে নীতিগতভাবে অনুমোদিত হয় এবং বৈদেশিক অর্থায়নের উৎস অনুসন্ধানের নিমিত্ত পরিকল্পনা কমিশন হতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে পিডিপিপি প্রেরণ করা হয়।

↓

প্রকল্পটি অর্থায়নের বিষয়ে বিশ্ব ব্যাংক কর্তৃক সম্মতি প্রদান করতঃ গত ১৬ জুলাই, ২০২৪ খ্রি. তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে পত্র প্রেরণ করা হয়।

↓

প্রকল্পটি বিশ্ব ব্যাংকের অর্থায়নে বাস্তবায়নের বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক গত ২৮ জুলাই, ২০২৪ খ্রি. তারিখে বিদ্যুৎ বিভাগে পত্র প্রেরণ করা হয়।

↓

ওজোপাডিকো'র ২৮৬ তম বোর্ড সভায় অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পের ডিপিপি গত ২৪ নভেম্বর, ২০২৪ খ্রি. তারিখে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে।

↓

প্রকল্পটিতে জিওবি অর্থায়নের বিষয়ে অর্থ বিভাগের মতামতের জন্য বিদ্যুৎ বিভাগ হতে ডিপিপিসহ গত ০৮ জানুয়ারি, ২০২৫ খ্রি. তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

↓

গত ২৬ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. তারিখে জিওবি অর্থায়নের বিষয়ে অর্থ বিভাগের ছাড়পত্র পাওয়া গিয়েছে।

প্রকল্পের অগ্রগতি

# ডিস্ট্রিবিউশন সিস্টেম ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (DSIP)

যাচাই কমিটির সভার জন্য অপেক্ষমান।